গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোরশেদ সরণি, শের-ই-বাংলা নগর,
আগারগাঁও, ঢাকা-১২০৭
www.betar.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৩.২২.৬৪

তারিখ: ২ ফাল্গুন ১৪২৯
১৫ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: **বাৎসরিক অধিনায়ক সম্মেলন এবং ১০ম টাইগার্স পুনর্মিলনী প্যারেড অনুষ্ঠান সরাসরি সম্প্রচার।**

সূত্র: সেনাসদর, সামরিক গোয়েন্দা পরিদপ্তরের পত্র নং ২৩.০১.৯০১.০২৫.০৪.১৪৮.০৪.০২.০২.২৩ তারিখ ০২-০২-২০২৩

আগামী ১৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. বৃহস্পতিবার, সকাল ০৯:৩০ মিনিটে দি ইস্ট বেঙ্গল রেজিমেন্টাল সেন্টার (ইবিআরসি) চট্টগ্রামে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাৎসরিক অধিনায়ক সম্মেলন এবং ১০ম টাইগার্স পুনর্মিলনী প্যারেড অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। উক্ত অনুষ্ঠান বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) আউটপুটের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক ৬৯৩ কিলোহার্জ, এফএম ১০২ মেগাহার্জ, এফএম ১০৬.০ মেগাহার্জ, ও ট্রাফিক সম্প্রচার কার্যক্রম ৮৮.৮ মেগাহার্জে এবং ওয়েবসাইট www.betar.gov.bd ও মোবাইল অ্যাপ: Bangladesh Betar থেকে সরাসরি সম্প্রচার হবে। একই সাথে বাংলাদেশ বেতারের সকল আঞ্চলিক কেন্দ্রের মধ্যম তরঙ্গ ও সংশ্লিষ্ট এফএম ব্যান্ডে অনুষ্ঠানটি একযোগে রিলে হবে। এক্ষেত্রে আঞ্চলিক কেন্দ্রসমূহের বিকল্প এফএম ব্যান্ডে (যদি থাকে) স্ব স্ব কেন্দ্রের পূর্বনির্ধারিত অনুষ্ঠান প্রচার হবে।

২। অনুষ্ঠানের স্থান/সময় পরিবর্তনের ক্ষেত্রে পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা এবং সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রেস উইং এর সাথে যোগাযোগপূর্বক অনুষ্ঠান যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন এবং সুষ্ঠুভাবে প্রচারকার্য সম্পাদনের জন্য অনুষ্ঠানটির সময়সূচি পরিবর্তন/ বাতিল এর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিট ও কেন্দ্রগুলোর পরিচালক/ আঞ্চলিক পরিচালক/ আঞ্চলিক প্রকৌশলীগণকে সময়সূচি পরিবর্তন/ বাতিলের বিষয়ে অবহিত করবেন।

৩। অনুষ্ঠানটি প্রচারকালীন ঢাকা-ক এর পূর্বনির্ধারিত অনুষ্ঠান, সকল সংবাদ, আবহাওয়াবার্তা ও আযান মধ্যম তরঙ্গ ৮১৯ কিলোহার্জ, এবং এফএম ৯২ মেগাহার্জে প্রচার হবে। ঢাকা-খ এবং ঢাকা-গ (ট্রান্সমিটারটি সচল না থাকায়) এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে।

৪। অনুষ্ঠানটি চলাকালীন বিঘ্ন ঘটলে, সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও পরিচালক বাংলাদেশ বেতার ঢাকা বিঘ্নের প্রতিবেদন (কারণসহ) নিকস ফন্টে হার্ডকপি ও সফট কপি (programlivebb@gmail.com) সদর দপ্তরে প্রেরণ করবেন।

৫। অনুষ্ঠান প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/ নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৬। অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, সংশ্লিষ্ট স্টুডিওতে বা সুবিধাজনক স্থানে ডিশ লাইন সংযুক্ত ০১ (এক) টি টেলিভিশন মনিটরের ব্যবস্থা গ্রহণসহ যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।

৭। উক্ত অনুষ্ঠান যথাযথভাবে রিলে হচ্ছে কিনা সে বিষয়ে পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, ঢাকা এর সাথে সমন্বয় করে অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে প্রচার নিশ্চিত করবেন।

৮। অনুষ্ঠান প্রচারের মাঝে ফিলার প্রচারের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা অনুমোদিত অনুষ্ঠান/ গানের তালিকা অনুসরণ করবে।

৯। অনুষ্ঠান সুষ্ঠুভাবে প্রচারের জন্য পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের নিরাপত্তা পাশ সংগ্রহসহ পূর্বাহ্নে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/ তাঁর প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধান করবেন। এছাড়া সকল কেন্দ্রের পরিচালক/ আঞ্চলিক পরিচালক/ তাঁর প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধান করবেন এবং প্রয়োজনে বাংলাদেশ বেতার, ঢাকা কেন্দ্রের পরিচালক এর সাথে যোগাযোগ করে সুষ্ঠু্ভাবে অনুষ্ঠান প্রচার নিশ্চিত করবেন।

১০। বর্ণিত অনুষ্ঠানের ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের জন্য পরিচালক, (বার্তা), কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১১। উক্ত অনুষ্ঠান সম্প্রচারের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী এবং উপস্থাপক-উপস্থাপিকাগণ অনুষ্ঠান শুরুর ২ ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট অনুষ্ঠানস্থলে/ স্টুডিওতে উপস্থিত থাকবেন।

১২। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৩। মাননীয় প্রধানমন্ত্রীর অনুষ্ঠান চলাকালীন আঞ্চলিক কেন্দ্রসমূহ তাদের নিজ নিজ (ভেরিফাইড) ফেসবুক পেইজে উক্ত অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪। স্থানীয় সংবাদ প্রচারের ক্ষেত্রে আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক/ উপ-বার্তা নিয়ন্ত্রক সংশ্লিষ্ট কেন্দ্রের পরিচালক/ আঞ্চলিক পরিচালকের সাথে সমন্বয় করে প্রচারের ব্যবস্থা নিবেন।

১৫। আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর বর্ণিত অনুষ্ঠানের সংশ্লিষ্ট বিষয়াদির ছবি পিআইডি হতে সংগ্রহপূর্বক যথাযথ ক্যাপশন ও তথ্যাদি সহ 'বেতার বাংলা'য় প্রকাশ করবেন।

১৫-২-২০২৩
মোঃ ছালাহ উদ্দিন
উপমহাপরিচালক (অনুষ্ঠান)
ফোন: ০২-৪৪৮১৩১৮১
ইমেইল:
betarddgprogram@gmail.com

...

স্মারক নম্বর: ১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৩.২২.৬৪/১

তারিখ: ২ ফাল্গুন ১৪২৯
১৫ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২) অতিরিক্ত মহাপরিচালক (বার্তা)/ প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

৩) পরিচালক/সিনিয়র প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকা/জাতীয় বেতার ভবন, আগারগাঁও ঢাকা।

৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী/সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, মহাশক্তি প্রেরণ কেন্দ্র বাংলাদেশ বেতার ধামরাই/গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)/বাংলাদেশ বেতার সদর দপ্তর/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১ ও ২ সাভার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৩,

নওয়াপাড়া, যশোর/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৪, কালুরঘাট, চট্টগ্রাম/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৫, কাহালু, বগুড়া/বাংলাদেশ বেতার, আগ্রাবাদ, চট্টগ্রাম।

৫) পরিচালক, বাংলাদেশ বেতার চট্টগ্রাম/বাণিজ্যিক কার্যক্রম/লিয়াজোঁ/কেন্দ্রীয় বার্তা সংস্থা আগারগাঁও, ঢাকা।

৬) আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক প্রকৌশলী/আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/বরিশাল/ঠাকুরগাঁও/ কক্সবাজার/রাঙামাটি/বান্দরবান/কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ/ ট্রান্সিক্রিপশন সার্ভিস (ট্রাফিক সম্প্রচার কার্যক্রমের দায়িত্বে) ও বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা।

৭) স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, আগারগাঁও, ঢাকা/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।

৮) সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতিকল্পে)।

৯) মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।

১০) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা। (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতি কল্পে)।

১১) উপমহাপরিচালক অনুষ্ঠান ১ ও ২ এর একান্ত সহকারী বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (উপমহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।

১২) নথি।

১৫-২-২০২৩
সায়েদ মোস্তফা কামাল
পরিচালক (অনুষ্ঠান) বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। ফোন: ০২-৪৪৮১৩০৭৪